



পরিচয়ের কারণে কেউ অধিকার থেকে বঞ্চিত হবে না: প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

ধর্ম, বর্ণ বা পরিচয়ের কারণে কোনো নাগরিক যেন অধিকার ও সুযোগ থেকে বঞ্চিত না হন, এমন বাংলাদেশ গড়ার কথা জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সবার সমান অধিকার ও মর্যাদা নিশ্চিত করাই সরকারের লক্ষ্য বলেও জানান তিনি।

বুধবার (৭ অক্টোবর) বিকেলে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে হিন্দু ও বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন।

প্রধানমন্ত্রীর উপপ্রেস সচিব শাহাদাৎ স্বাধীন জানান, সভায় প্রতিনিধিরা তাদের বিভিন্ন সমস্যা ও দাবির কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী সেগুলো মনোযোগ দিয়ে শোনেন এবং যৌক্তিক বিষয়গুলো গুরুত্বের সঙ্গে বিবেচনার আশ্বাস দেন।

শারদীয় দুর্গাপূজার সরকারি ছুটি বাড়ানোর সিদ্ধান্তের জন্য হিন্দু সম্প্রদায়ের প্রতিনিধিরা প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। পরে প্রধানমন্ত্রী দুর্গাপূজার জন্য হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টকে ৫ কোটি এবং কঠিন চীবর দান উপলক্ষে বৌদ্ধ সম্প্রদায়ের জন্য ৩ কোটি টাকার বরাদ্দের চেক হস্তান্তর করেন।

এর আগে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ৪ কোটি এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট ২ কোটি টাকা অনুদান চেয়েছিল। বিশেষ বিবেচনায় দুই সম্প্রদায়ের বরাদ্দই এক কোটি টাকা করে বাড়ানো হয়।

সভায় প্রধানমন্ত্রী হিন্দু ধর্মাবলম্বীদের দুর্গাপূজা এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের কঠিন চীবর দানের শুভেচ্ছা জানান। একই সঙ্গে দেশের সব নাগরিকের শান্তি, সমৃদ্ধি ও কল্যাণ কামনা করেন।